
দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 DEC 2006
পৃষ্ঠা 20 কলাম ৩



সভাপতি
অধ্যাপক ড. সদরুল আমীন



সাধারণ সম্পাদক
অধ্যাপক ড. আনোয়ার হোসেন

ঢা বি শিক্ষক সমিতি নির্বাচন

# সভাপতিসহ জাতীয়তাবাদী প্যানেল সংখ্যাগরিষ্ঠ পদে বিজয়ী

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে জাতীয়তাবাদী প্যানেল সভাপতিসহ গুরুত্বপূর্ণ পদগুলোতে বিজয়ী হয়ে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। অপরদিকে আওয়ামী লীগপন্থি নীল দল সাধারণ সম্পাদকসহ (১৯শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাবি শিক্ষক সমিতি

(২০শ পৃঃ পর)

৬টি সদস্য পদে বিজয়ী হয়েছে। ১৫টি পদের মধ্যে সাদা দল সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম সম্পাদকসহ ৫টি সদস্য পদে বিজয়ী হয়েছে। ১০টি সদস্য পদের মধ্যে ১টি পদে উভয় দলের দু'জন প্রার্থী সমান ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। টানা ৩ বছর সভাপতি-সাধারণ সম্পাদক পদে পরাজয়ের পর বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দল এবারের নির্বাচনে ব্যাপক সফলতা অর্জন করলো।

সাদা দলের প্রার্থী কলা অনুষদের ডীন অধ্যাপক ড. সদরুল আমিন ৫৭৬ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী অধ্যাপক শরিফ উল্লাহ ভুঁইয়া পেয়েছেন ৫১৭ ভোট। সাধারণ সম্পাদক পদে নীল দলের প্রার্থী জীববিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. আনোয়ার হোসেন ৫৪৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী সাদা দলের সাধারণ সম্পাদক প্রার্থী বিজনেস স্টাডিজ অনুষদের ডীন অধ্যাপক সিরাজুল ইসলাম পেয়েছেন ৫৩৯ ভোট। সাদা দলের নির্বাচিত অন্য প্রার্থীরা হলেন সহ-সভাপতি অধ্যাপক তাজমেরী এস এ ইসলাম (৫৮৩), কোষাধ্যক্ষ অধ্যাপক গোলাম মোহাম্মদ চৌধুরী (৫৫২), যুগ্ম সম্পাদক ড. মামুন আহমেদ (৫৩০), সদস্য-অধ্যাপক আবু আহমেদ (৫৯৭), ড. এবিএম ওবায়দুল ইসলাম (৫২৫), ড. মুহাম্মদ শাহজাহান মিয়া (৫২৮), অধ্যাপক সাইয়াদ সালেহীন কাদরী (৫২৬) ও অধ্যাপক ড. সুকোমল বড় য়া (৫৩২)। নীল দলের নির্বাচিত অন্য প্রার্থীরা হলেন সদস্য- অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক (৫৮১), অধ্যাপক ড. আর আই এম আমিনুর রশীদ (৫৬৩), অধ্যাপক ড. আখতারুজ্জামান (৫৬৯), অধ্যাপক ড. হারুন-অর-রশিদ (৫৩৮), অধ্যাপক ড. সাদেকা হালীম (৫২৫) ও ড. সৈয়দ মনজুরুল ইসলাম (৫৬১)। শিক্ষক সমিতির এ নির্বাচনে ১২২৮ শিক্ষক তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আজিজুর রহমান। নির্বাচনে সর্বোচ্চসংখ্যক ভোট পেয়েছেন সাদা দলের সদস্য প্রার্থী অধ্যাপক আবু আহমেদ (৫৯৭) এবং দ্বিতীয় সর্বোচ্চ নীল দলের সদস্য প্রার্থী অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক (৫৮১)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এস এম এ ফায়েজ ও প্রোভিসি অধ্যাপক ড. আফম ইউসুফ হায়দার নির্বাচিত প্রার্থীদের অভিনন্দন জানিয়েছেন।